



চিত্রশিল্পী সুমঙ্গল সেন

(১৯৩২ — ২০০৫)

ড: সুমঙ্গল সেন ছিলেন একজন বিশিষ্ট চিত্রশিল্পী এবং ত্রিপুরা সরকারী চারু ও কারুকালা মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠাতা। ১৯৩২ সালে তৎকালীন পূর্ববঙ্গের ময়মনসিংহতে তিনি জন্মগ্রহণ করেন। তৎকালীন পূর্ববঙ্গের জল-মাটিতে তাঁর শৈশব কেটেছিল।

অত্যন্ত মেধাবী ছাত্র হিসেবে তিনি ইংরেজী সাহিত্যে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এম.এ ও একই বিশ্ববিদ্যালয়ের প্রাচীন ভারতীয় ইতিহাস ও সংস্কৃতি বিভাগ থেকে পি.এইচ.ডি লাভ করেন। এ ছাড়াও তিনি কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কল্যাণ দাশগুপ্তের অধীনে আফ্রিকান ট্রাইব্যাল আর্ট-এ গবেষণা করে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট উপাধি লাভ করেন।

কলকাতা গভর্নমেন্ট কলেজ অব আর্ট এণ্ড ক্র্যাফট থেকে স্নাতক হন ১৯৫২ সালে। রমেন্দ্রনাথ চক্রবর্তী, যামিনী প্রকাশ গঙ্গোপাধ্যায়, অতুল বসু, বসন্ত গাঙ্গুলী, রথীন মৈত্র ও দিলীপ দাশগুপ্তের মতো বিশিষ্ট শিল্পীদের তিনি তাঁর শিল্প শিক্ষক হিসেবে পেয়েছিলেন। জলরঙ, তেলরঙ, ড্রাই প্যাস্টেল, চারকোল ইত্যাদি সব ধরনের মাধ্যমেই তাঁর দক্ষতা ছিল। বিশেষ করে জলরঙের কাজে তাঁর দক্ষতা ছিল অসাধারণ। জলরঙে আঁকা প্রাকৃতিক দৃশ্যের ছবি এবং প্রতিকৃতিগুলি এক কথায় অনবদ্য।

তাঁর কর্মজীবন কেটেছে বিভিন্ন জায়গায়। এর মধ্যে রয়েছে— কলকাতা, ইন্দোর, সিমলা, নাইজিরিয়া এবং ত্রিপুরা। ত্রিপুরার রাজধানী আগরতলার বেসিক ট্রেনিং কলেজে অধ্যাপক হিসেবেও কিছুকাল তাঁর কর্মজীবন কেটেছে। ১৯৭৪ সালে আগরতলাস্থিত রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহ পরিচালনার দায়িত্বভার গ্রহণ করেছিলেন। ১৯৭৫ সালে তাঁরই বিশেষ ভূমিকায় ত্রিপুরা সরকারী চারু ও কারুকালা মহাবিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করে। এই কাজে তাঁকে বিশেষভাবে সহায়তা করেছিলেন তৎকালীন ডিরেক্টর অব হায়ার এডুকেশন, মাননীয় অধীপ চৌধুরী মহাশয়।

মহাবিদ্যালয় প্রতিষ্ঠার কিছুদিন বাদে ড. সুমঙ্গল সেন নাইজিরিয়া সরকারের কেন্দ্রীয় শিক্ষা দপ্তরের ডাকে সাড়া দিয়ে চলে যান নাইজিরিয়ায়। দীর্ঘ দশ বছর তিনি নাইজিরিয়া সরকারের বিভিন্ন উচ্চ পদে আসীন ছিলেন। দশ বছর পর দেশে ফিরে ত্রিপুরা সরকারী চারু ও কারুকালা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ রূপে তিনি কাজে যোগ দেন। দীর্ঘ কর্মজীবন সমাপ্তির পর ২০০৫ সালের ১৪ই মে ত্রিপুরার এই কৃতি সন্তান পরলোক গমন করেন।

সহায়ক গ্রন্থ :

- সেন, সুমঙ্গল, চিত্রকরের ডায়েরী, মিত্র ও ঘোষ পাবিশার্স প্রাইভেট লিমিটেড, কোলকাতা - ২০০৪।
- হোসেন, গোলাম, চিত্রকরের ডায়েরী, পার্বতী সেন। (ক্যান্সটন প্রিন্টার্স, আগরতলা) তারিখ বিহীন।
- বিশ্বাস, দে, জীবনবোধের পথিক (প্রবন্ধ), দেশের কথা, ২৩ মে, ২০০৫।

সংকলক : দেবাশিষ বিশ্বাস

(ফ্যাকাল্টি, পলিটেক ডিপার্টমেন্ট, গভ: কলেজ অব আর্ট এণ্ড ক্র্যাফট, আগরতলা)